



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

বাংলাদেশের
স্বপ্নর্গ জয়ন্তী
Bangladesh



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.৯৯.০২০.১৯. ২০২১/৯৩


তারিখ: ২৩/০৮/২০২২ খ্রি.

বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা এর অধীন বিভিন্ন দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত কতিপয় কর্মকর্তা-কর্মচারীকে উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ প্রতিপালনে অনীহা প্রকাশ করতে লক্ষ্য করা যাচ্ছে। সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯ এর ৩০এ এর (সি) অনুসারে কোনো সরকারি কর্মচারী-“সরকার বা কর্তৃপক্ষের কোনো সিদ্ধান্ত বা আদেশ পরিবর্তন, বদলানো, সংশোধন বা বাতিলের জন্য অনুচিত প্রভাব বা চাপ প্রয়োগ করিতে পারিবেন না।”

আচরণ বিধির ব্যত্যয় ঘটিয়ে কোনো কর্মচারী এরূপ আচরণ করলে তা সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯ এর ৩২ অনুচ্ছেদ অনুসারে অসদাচরণ হিসেবে গণ্য হবে এবং তিনি উক্ত বিধিমালার আওতায় অসদাচরণের দায়ে অভিযুক্ত হবেন।

উল্লিখিত আচরণ থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।


অধ্যাপক নৈহাল আহমেদ
মহাপরিচালক
ফোন: ০২-২২৩৩৫১০৫৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিঃ ও উন্নঃ/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিঃ অ্যান্ড ইভাঃ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
০৪. অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল);
০৫. উপপরিচালক (সাঃ প্রশাঃ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৬. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল);
০৭. সিস্টেম এনালিস্ট, ইএমআইএস-সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
০৮. জেলা শিক্ষা অফিসার (সকল);
০৯. প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় (সকল);
১০. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
১১. সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
১২. পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১৩. সংরক্ষণ নথি।